## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বহু স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, জজ, ম্যাজিষ্ট্রেট ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

### সোণামুখী কেশ তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়।

মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

চ্যবনপ্রাশ /১ সের (৮০ তোলা) ১০৲

বাতের তৈল প্রতি শিশি-২৷৷০ টাকা

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন ও কবিরাজ শ্রীআদ্যাপ্রসন্ন গাঙ্গুলী, কবিরঞ্জন

সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৯শে আষাঢ় বুধবার ১৩৫৮ ইংরাজী 4th July. 1951 { ৮ম সংখ্যা



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

### হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
মূল্য ছয় পয়সা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৯শে আষাঢ় বুধবার সন ১৩৫৮ সাল।

## "গিন্নী যখন হবেন যিনি, গুণ গাবে তার ভিখারিণী; শুনবে বচন লম্বা লম্বা পাওনা কিন্তু অষ্টরম্ভা!"

—•—

গত ২০০ বৎসর যারা দেশের দণ্ড-মুণ্ডের মালিক ছিলেন, ক্ষুদটা কুঁড়োটার প্রত্যাশী যারা তারা তখন ইউনিয়ন জ্যাককে দেবপতাকা বলিয়া সভক্তি অভিবাদন করিত। যেই তারা কংগ্রেসের হাতে তাদের সর্ব্বশক্তি সমর্পণ ক'রে গেল অমনি সেই ক্ষুদ কুঁড়ো প্রত্যাশীবৃন্দ তেরঙ্গা নিশানের ভক্ত হইয়া উঠিল। বড় বড় সহরবাসী হইতে আরম্ভ করিয়া সামান্ত পল্লীগ্রামের স্থবিধাপন্থীর দল "সর্ব্বান্ কামান্ পরিত্যজ্য কংগ্রেসং শরণং ব্রজ" বাক্যের সার্থকতা উপলব্ধি করিয়া সর্দ্দার কংগ্রেসী, নিমসর্দ্দার কংগ্রেসীর নাগাল না পাইয়া, মহকুমার হর্ত্তাকর্ত্তাদের খোসামোদ আরম্ভ করিয়া কত সাধ্য সাধনা করিয়া কয়েক বস্তা সিমেন্টের, কয়েকখানা করোগেটেড টিনের পারমিট পাইয়া ধন্য হইলেন। কাহারও কাহারও তৈল প্রদান বৃথায় গেল। তাহারা প্রকাশ্যে না পারুক মনে মনে পারমিটওয়ালাদের সঙ্গে নানা মধুর সম্পর্ক পাতাইয়া এখনও সম্পর্ক ধরিয়া সম্বোধন করিতে ত্রুটি করে না। কত শিক্ষিত হোমড়া চোমড়া কংগ্রেসী তাদের মনোরথ পূর্ণ না হওয়ায় অর্থাৎ শাসনকার্য্যে লাভজনক পদ না পাওয়ায় বা পাইয়াও বঞ্চিত হওয়ায় আজ কংগ্রেস পরিত্যাগ করিয়া নূতন নূতন দল বাঁধিয়া আগামী নির্ব্বাচনে কংগ্রেসের সঙ্গে পাল্লা দিবার জন্য কসরৎ আরম্ভ করিয়াছে। একটা দলের কার্য্য আরম্ভ হইয়াছে। তার নাম হইয়াছে—কৃষি-মজদুর-প্রজা পার্টি। এই সম্প্রদায়ের নামজাদা তিন ব্যক্তির নামের আদ্য অক্ষর লইয়া যেন এই দলের নাম হইয়াছে বলিলেও অত্যুক্তি হয় না। দলের প্রধানতম ব্যক্তি কৃপালনী তাঁহার "কৃ" লইয়া কৃষি। পাটনার অধিবেশনে কর্ত্তাব্যক্তি মহামায়াপ্রসাদের নামের "ম" লইয়া মজদুর। প্রফুল্লকুমার ঘোষ বা প্রকাশমের নামের "প্র" লইয়া প্রজা। ইহাতে কর্ত্তা ব্যক্তিদের তিন জনের নামের আদ্যাক্ষর লইয়া কৃষি-মজদুর-প্রজা নামকরণ হইয়াছে। পশ্চিম বাঙলার ভূতপূর্ব্ব প্রধান মন্ত্রী ডাঃ প্রফুল্লকুমার ঘোষ প্রমুখ কতিপয় নেতা ইতিপূর্ব্বেই এই নামের দল গঠন করিয়াছিলেন। এই নামকরণের জন্যই নাকি বাংলার কয়েক জন অসন্তুষ্ট হইয়া এই দলে প্রবেশ করে নাই।

শোনা যাইতেছে বাংলার অন্যান্য বামপন্থীদল এই দলের সঙ্গে মিলিয়া সাধারণ নির্ব্বাচনে কংগ্রেসের বিরোধিতা করিতে কৃতসংকল্প হইয়াছে। যদি কোন্দলের দেবতা দেবর্ষি নারদ তাঁহার ঢেঁকি প্লেনে আরোহণ করিয়া সব দলকে তাঁর বীণা বাদ্যের দ্বারা পৃথক পৃথক করিয়া নাচাইতে পারেন তবে কংগ্রেসের জয় জয়কার।

ভগবান না করুন যদি ভারতের সর্ব্বশান্তিদাতা কংগ্রেস নির্ব্বাচনে সংখ্যা গরিষ্ঠ না হইতে পারে, তবে যে দলই শাসন-আসন অধিকার করুক, ক্ষুদ কুঁড়ো প্রাপ্তির প্রত্যাশীরা রাতারাতি সেই সম্প্রদায়ের ভক্ত হইয়া পড়িবে। আমাদের মনে পরে এক গিন্নী ও এক ভিখারিণীর গল্প—

গিন্নী স্নানে গিয়াছেন, তাঁর পুত্রবধূ ঘরে আছেন, এমন সময়ে এক ভিখারিণী "হরেকৃষ্ণ" বলে বাড়ীতে প্রবেশ করা মাত্র বউ তাকে "ফিরে এসো" বলে আপ্যায়িত করিল। ভিখারিণী মনে মনে গাল মন্দ করিয়া পথে বাহির হ'তেই দেখিল যে গিন্নী স্নান করে ফিরছেন। তাঁকে দেখে ভিখারিণী বলে মা, আপনার বাড়ী গিয়েছিলাম, বউ-মা ফিরিয়ে দিলে। গিন্নী—অ্যাঁ! ফিরিয়ে দিলে? আমি বেঁচে থাকতে ও বেটী তোমাকে ফিরাবার কে? চল দেখি ওর গিন্নীপনা দেখাচ্ছি।

ভিখারিণী কিঞ্চিৎ প্রাপ্তির আশায় গিন্নীর পশ্চাৎ পশ্চাৎ আসিয়া তাঁহার বাড়ীর দাওয়ায় বসিল।

গিন্নী-মা, কাপড় ছেড়ে, তুলসীতলায় প্রণাম ক'রে, আহ্নিকে বসলেন। আহ্নিক তিলক সেরে এক বাটি মুড়ি নিয়ে জলযোগে বসলেন। ভিখারিণী বসিয়াই আছে। আশা—জল খেয়ে তারপর নিশ্চয় ভালমত কিছু দিবে। এইবারে মুখ ধুয়ে রোদে চুল শুকাতে শুকাতে, ভিখারিণী বৈষ্ণবীকে বলিল—দেখ্‌লে বউ এর আস্পর্দ্ধা! আমি থাকতে ও তোমাকে ফেরাবার কে? এইবার আমি বলছি তুমি ফিরে যাও। ভিখারিণী রাস্তা ধরিয়া গিন্নীর গুণগান করিতে করিতে চলিল। সাধারণ লোকের কোনও স্থবিধা নাই এই কংগ্রেস ভাঙিয়াই নূতন ত্রাণকর্ত্তার দল তৈরী হয়েছে। ইংরাজ তাড়িয়ে যারা ত্রাণ করিয়াছেন, তাহাদের তাড়াইয়া আবার কি ত্রাণ করিবে তা ভবিতব্যই জানে। তবে আমাদের দোরে যে তাদের অনেকের পায়ের ধূলো পড়লে পড়তে পারে এই আনন্দ। যাহারা প্রহরীবেষ্টিত হইয়া দৃষ্টিপথের বাহিরে ছিলেন, তাদের—

হবে নামতে ধূলোর তলে,
হাটে, মাঠে, পথে ঘাটে সবাই যেথা চলে।

## প্রাপ্ত

—•—

মুর্শিদাবাদ জেলার অন্তর্গত সাগরদীঘি থানার অধীন গাদী গ্রাম হইতে মনিগ্রাম গ্রামের মধ্য দিয়া একটী ডিষ্ট্রীক্ট বোর্ডের রাস্তা আছে। উক্ত রাস্তা দিয়া সকল সময়েই গাড়ী, ঘোড়া ও লোক যাতায়াত করে। কিন্তু মনিগ্রামবাসিগণ নিজ ইচ্ছায় জোরপূর্ব্বক রাস্তার মধ্যস্থলে খেজুর গাছ, মোটা ডাল ইত্যাদি পুঁতিয়া গোগাড়ী ও ঘোড়ার যাতায়াতের পথ বন্ধ করিয়া সাধারণের বিশেষ অস্থবিধার স্থষ্টি করিয়াছে। রাস্তাটী খুলিয়া দিয়া গাড়ী, ঘোড়া

চলাচলের সুব্যবস্থা করিবার জন্য বিভাগীয় কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি। ইতি—

শ্রীপঞ্চানন রায়

সাং কান্তনগর, পোঃ বালিয়া।

## কংগ্রেসের পরাজয়

বীরভূম জেলা বোর্ড নির্ব্বাচনে ২১টী আসনের মধ্যে কংগ্রেস-বিরোধী দলের ১৩টী আসন ও কংগ্রেস-প্রার্থীর মাত্র ৮টী আসন লাভ।

বর্দ্ধমান জেলা বোর্ড নির্ব্বাচনে ২৬টী আসনের মধ্যে ১৬টী ইউ-পি-বি, ১টী সোসালিষ্ট, ১টী স্বতন্ত্র ও কংগ্রেস-প্রার্থীর মাত্র ৮টী আসন লাভ।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৩ই আগষ্ট ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

৪৯ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং সীতেশচন্দ্র দত্ত দিং দাবি ১৯৫/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ও কুতুবপুর ৩-৮১ শতকের কাত ১২।/৮ আঃ ৭৲ থং ২৫৩

২৩০ থাং ডিঃ ঐ দেং সুরেশচন্দ্র রায় দাবি ২৬৫৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচনপাড়া ১-৮ শতকের কাত ৩৫৶৩ আঃ ১৫৲ থং ২৩১

২৩১ থাং ডিঃ ঐ দেং হারেজ সেখ দিং দাবি ৭২/৩ মৌজাদি ঐ ২-৮৮ শতকের কাত ১২॥০ আঃ ৫০৲ থং ৩০৬

২৩২ থাং ডিঃ ঐ দেং মহেন্দ্রনারায়ণ রায় দিং দাবি ১১৩॥৬ মৌজাদি ঐ ২-৪৭ শতকের কাত ১৯৫৶১০ পাই আঃ ৮০৲ থং ২৪১

২২৭ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং সরলাবালা দেবী দিং দাবি ৫১৪৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে এনায়েতনগর ৩৯-৪৬ শতকের কাত ২২১৲ আঃ ৩০০৲ থং ২১৯

২১২ থাং ডিঃ দেবেন্দ্রনাথ সিংহ দিং দেং টগরী দাসী দিং দাবি ১২১/৩ থানা সুতী মৌজে ভাবকী ৫৩৫০ জমির কাত ৫৶০ আঃ ৫৲ থং ১৬৯

১৮৩ থাং ডিঃ মহারাজ কুমার সিতাংশুকান্ত আচার্য্য বাহাদুর দেং গদাধর দাস দিং দাবি ৭২৩৯ থানা সুতী মৌজে নিজ সুরপুর ৭৪৮ শতকের কাত ৮৫/০ আঃ ৬০৲ থং ১৭১, ১৭২ রায়ত স্থিতিবান

১৮৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৫৯ থানা ঐ মৌজে কালুপুর ৩।০ জমির কাত ৩।০ আঃ ২০৲ থং ১১২ ঐ স্বত্ব

২৫ মনি ডিঃ বামাপদ দত্ত দেং জুলুপদ দত্ত দাবি ৮৫৫৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ও কুতুবপুর ৫৫৮ শতকের কাত ১২।৭ আঃ ৬০৲ থং ৪৮ ও ৯৪

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ২০শে আগষ্ট ১৯৫১

১৯৪১ সালের ডিক্রীজারী

৬৪৬ থাং ডিঃ জগদিন্দ্রনাথ চৌধুরী দেং মহম্মদ ইয়াদ হোসেন দিং দাবি ৮৭।৩ থানা সাগরদীঘি মৌজে পাউলী ৫-৪০ শতকের কাত ১৭৵০ আঃ ৫০৲ থং ৪৮

১৯৪৩ সালের ডিক্রীজারী

৭ মর্গেজ ডিঃ দেবেন্দ্রনারায়ণ বন্দ্যোপাধ্যায় দেং মাজেজান বিবি দাবি ৪৮৯৶০ থানা সাগরদীঘি মৌজে বয়াড় ১০৬ শতকের কাত ৪।০ আঃ ৬০৲ থং ২৩৬ ২নং লাট থানা ঐ মৌজে ফুলবন ৯১ শতকের কাত ২৫০ আঃ ৪০৲ থং ২৪২

১৯৫১ সালের ডিক্রীজারী

১৬৩ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং কালীবালা দাসী দাবি ২২৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে পরাণপাড়া ১৩ শতকের কাত ৪।/০ আঃ ৫৲ থং ৫৫৬

১৭৪ থাং ডিঃ ঐ দেং মুনিলাল ভকত দাবি ২১॥৵৬ থানা ফরক্কা মৌজে পরাণপাড়া ১১ শতকের কাত ৩৲ আঃ ৫৲ থং ৮০৯

১৮০ থাং ডিঃ ঐ দেং যদুনাথ কর্ম্মকার দিং দাবি ২৮।/৬ মৌজাদি ঐ ২১ শতকের কাত ৫৫৵২ আঃ ৫৲ থং ৩২১

১৬৬ থাং ডিঃ ঐ দেং হরিদাস সরকার দাবি ২০৶৯ থানা ঐ মৌজে পাররদিয়াড়া ৩০ শতকের কাত ২।৶৪ আঃ ৫৲ থং ৯৪৯।৯৪৮

১৭২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৵৬ থানা ঐ মৌজে নিজগ্রাম ৩০ শতকের কাত ২৫৶৫ আঃ ৫৲ থং ৯৪৯

১৬৮ থাং ডিঃ ঐ দেং জলিল সেখ দিং দাবি ১৮॥৵৯ থানা ঐ মৌজে মুস্কিনগর ১০ শতকের কাত ২৩১০ আঃ ৫৲ থং ৪২২৮

১৭৬ থাং ডিঃ ঐ দেং ভোলা সেখ দাবি ৩৭।৯ মৌজাদি ঐ ১২৯ শতকের কাত ৫৫৶১ আঃ ৫৲ থং ৬৮৬

১৭৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১।৩ মৌজাদি ঐ ৯২ শতকের কাত ২।৶১৫ আঃ ৫৲ থং ৬৮৪।৬৮৫

১৭৯ থাং ডিঃ ঐ দেং সেরু সেখ দিং দাবি ১৬৶৯ মৌজাদি ঐ ৩৬ শতকের কাত ১॥৵০ আঃ ৫৲ থং ৯৫০

১৭৭ থাং ডিঃ ঐ দেং নওসাদ সেখ দিং দাবি ১৯২৫৩ থানা ঐ মৌজে পাররদিয়াড়া ৬৬০ শতকের কাত ৩১॥১৪ আঃ ৫০৲ থং ৫৫৪

১৭০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪২/৯ থানা ঐ মৌজে খোদাবন্দপুর ১৮৩ শতকের কাত ৬/৫ আঃ ১০৲ থং ৫৫১।৫৫২

১৭৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৫॥/৩ থানা ঐ মৌজে পরাণপাড়া ১৭৭ শতকের কাত ৬॥৶০ আঃ ১০৲ থং ৫৪৯।৫৫০

১৩৩ থাং ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং লক্ষীনারায়ণ সিংহ দিং দাবি ১৮।৬ থানা সমসেরগঞ্জ মৌজে বহড়াগাছি ২০২ শতকের কাত ২৵১০ নিজাংশে ১/৫ আঃ ৫৲

১৩৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৫৯ মৌজাদি ঐ ১৮৮ শতকের কাত ২৫৶৬ নিজাংশে ১॥/১১

১৩৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৵০ মৌজাদি ঐ ৭৯ শতকের কাত ২॥০ নিজাংশে ১।০ আঃ ১০৲

১৮৩ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং নীলিমাপ্রভা দেবী দাবি ৪৯৶৯ থানা সাগরদীঘি মৌজে ইমামনগর ১-৯০ শতকের কাত ৭॥১ আঃ ৫০৲ থং ১২১

[ পর পৃষ্ঠা দেখ

( পূর্ব্ব পৃষ্ঠার জের )

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২০শে আগষ্ট ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

৪৯ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেঃ আলতাফুর রহমান দাবি ২৭৵০ থানা সাগরদীঘি মৌজে পলন্দা ১-৩১ শতকের কাত ৪৵০ আঃ ২০৲ থং ৩৭২ রায়ত স্থিতিবান

৯২ থাং ডিঃ সেবাইত মহান্ত সীতারাম দাস গোস্বামী দেঃ বিন্দু সরদারনী দাবি ২১।৵৬ থানা সাগরদীঘি মৌজে রমনা ৯১ শতকের কাত ২॥৵০ আঃ ১৬৲ থং ১৩৫ রায়ত স্থিতিবান

১৮৪ থাং ডিঃ সেবাইত প্রমথনাথ মহাতা দিং দেঃ ফকিরমহম্মদ সেখ দিং দাবি ৭১॥৵০ থানা সাগরদীঘি মৌজে পাউলী ২২০ শতকের কাত ১০৸৵০ আঃ ১০৲ থং ১০৫

১৯৫ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেঃ ভোলানাথ ঘোষ দিং দাবি ৮৬৸৵৩ থানা সাগরদীঘি মৌজে কামরাপাড়া ৩৮১ শতকের কাত ১৪।৵৬ আঃ ৬০৲ থং ২, ৭, ১১, ১৫, ১৬ রায়ত স্থিতিবান


১৯৪ থাং ডিঃ ঐ দেঃ জামিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ১৬॥৬ থানা ঐ মৌজে পিলকী ৬৮ শতকের কাত ১॥/৪ আঃ ১০৲ থং ৮৩ রায়ত স্থিতিবান

১৯৬ থাং ডিঃ ঐ দেঃ ঐ দাবি ৪১।৵৬ মৌজাদি ঐ ১২-০৩ শতকের কাত ২৬৲ আঃ ৩০৲ থং ২০ রায়তি স্থিতিবান

২০০ থাং ডিঃ শ্রীকুমার সান্যাল দিং দেঃ ইন্দ্র-দবন মণ্ডল দাবি ২৪॥০ থানা সাগরদীঘি মৌজে চণ্ডীগ্রাম রঘুনাথপুর ১-৭২ শতকের কাত ৩।১১ পাই আঃ ১৫৲ থং ১৪৮ রায়ত স্থিতিবান

১৯৯ থাং ডিঃ ভূপেন্দ্রনাথ মণ্ডল দিং দেঃ অঘোর নাথ চক্রবর্ত্তী দিং দাবি ২১৮।৵৩ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ও দক্ষিণপাড়া ৮-৫০ শতকের কাত ৩৬৵১০ আঃ ১০০৲ থং ৭৯৪।৭২৯

৯ মনি ডিঃ দেবেন্দ্রনারায়ণ বন্দ্যোপাধ্যায় দেঃ ডুকড়িচন্দ্র সিংহ দাবি ১৭৯।০ থানা সাগরদীঘি মৌজে ...পাড়া ৭৯৯নং তৌজি মহালের ।৵১০ ছাম জমা ...॥/৭ তন্মধ্যে হারাহারি অংশ আঃ ৪০৲ থং ১০২৫




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত